গাংনীতে ৩৫ বোতল ফেন্সিডিল সহ একজন গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে ৩৫ বোতল ফেন্সিডিল সহ জয় (২৫) নামের একজনকে গ্রেফতার করেছে পুলিশ।

গত বৃহস্পতিবার রাতে উপজেলার তেরাইল গ্রামের পশ্চিমপাড়ার তার নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়।

এসময় তার বাড়ি থেকে ৩৫ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, পাচার করার জন্য জয় তার বাড়িতে ফেন্সিডিল মজুত করেছে এমন সংবাদ পেয়ে অভিযান চালানো হয়।

এসময় তাকে গ্রেফতার করা হয়। উদ্ধার করা হয় ৩৫ বোতল ফেন্সিডিল। ফেন্সিডিল উদ্ধারের ঘটনায় জয়ের নামে গাংনী থানায় একটি মাদকের মামলা দায়ের করা হয়েছে। মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হয়েছে।

পুলিশের দাবি জয় একজন মাদক ব্যবসায়ী। সে তেরাইল গ্রামের মৃত আব্দুল মতিনের ছেলে।

নিজস্ব প্রতিনিধি

আমঝুপিতে ফ্রি রক্তের গ্রুপ পরীক্ষা ক্যাম্পেইন অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার আমাদের আমঝুপি সংগঠনের উদ্যোগে ফ্রি রক্তের গ্রুপ পরীক্ষা ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সকালে আমঝুপি সাঁকো পাড়ায় এ ক্যাম্পেইনের উদ্বোধন করা হয়। মেহেরপুর সদর উপজেলার সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান আব্দুল মালেক মোল্লা প্রধান অতিথি হিসেবে উপস্থিত

থেকে ক্যাম্পের উদ্বোধন করেন।

আমাদের আমঝুপির অন্যতম উপদেষ্টা ওসমান গনির সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে মকবুল হোসেন, আসাদুজ্জামান লিটন, মিল্টন হোসেন, আবুল কালাম আরিফ, আমাদের আমঝুপির তারিম,মিলন, রনি, শাকিল, আবু সাঈদ, তানভীর, শামীন, রাকিব, রাগিব, ফারুক হোসেন, আবু নাঈম, মেরাজ প্রমুখ উপস্থিত ছিলেন। ফ্রি রক্তের গ্রুপ পরীক্ষা ক্যাম্পেইন প্রায় দেড় শতাধিক রক্তের গ্রুপ পরীক্ষা করা হয়।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে ফায়ার সার্ভিসের জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রচার কার্যক্রম শুরু

মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর উদ্যোগে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ উপলক্ষে অগ্নিকাÐ সড়ক দুর্ঘটনা প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রচার ও মহড়া কার্যক্রম শুরু করা হয়েছে।

গতকাল শুক্রবার সকালে মেহেরপুর সদর উপজেলার বারাদি এবং আমঝুপি বাজারে এ প্রচারণা চালানো হয়।

মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের উপ-সহকারে পরিচালক শরিফুল ইসলামের নেতৃত্বে অন্যদের মধ্যে সাব অফিসার আজিজুল হক, লিডার মো: রবিউল ইসলাম সহ ফায়ার সার্ভিসের কর্মীরা উপস্থিত ছিলেন

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে মরহুম মিজানুর রহমান রিপন স্মৃতি ফুটবলে ড্র

মেহেরপুর বোসপাড়া যুব স¤প্রদায়ের উদ্যোগে বোস পাড়ার নেশার মাঠে অনুষ্ঠিত মরহুম মিজানুর রহমান রিপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের খেলা ড্র হয়েছে।

গতকাল শুক্রবার অনুষ্ঠিত বোসপাড়া একাদশ ও কদমতলা একাদশের মধ্যকার খেলাটি গোলশূন্যভাবে শেষ হয়।

নির্ধারিত সময়ে উভয় দল গোলের একাধিক সুযোগ পেয়েও কাজে লাগাতে ব্যর্থ হয় । ফলে শেষ পর্যন্ত উভয় দল পয়েন্ট ভাগ করে নিয়ে মাঠ ছাড়ে।

খেলাটি দেখার জন্য বিপুল পরিমান দর্শক মাঠে উপস্থিত হন।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরের সাংস্কৃতিক কর্মী মোমিনুল ইসলাম স্মরণে সভা অনুষ্টিত

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর উদ্যোগে জেলা শিল্পকলা একাডেমীর সহ-সভাপতি মোমিনুল ইসলাম স্মরণে সভা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গতকাল শুক্রবার রাতে জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। জেলা শিল্পকলা একাডেমীর সভাপতি ও জেলা প্রশাসক মো:

আতাউল গনির সভাপতিত্বে স্মরণ সভায় বক্তব্য রাখেন প্রফেসর হাসানুজ্জামান মালেক, পিপি পল্লব ভট্টাচার্য, জেলা শিল্পকলা একাডেমী সহ-সভাপতি মফিজুর রহমান, সাধারণ সম্পাদক সাইদুর রহমান, সাহিত্য পরিষদের সভাপতি নুরুল আহমেদ, অরণির সভাপতি নিশান সাহেবের, মৃত্তিকার সভাপতি মানিক হোসেন, অবসরের সভাপতি জানে আলম, বন্ধনের আব্দুল্লাহ আল মামুন রাসেল প্রমুখ।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে মরহুম ছহিউদ্দিন স্মৃতি ফুটবলে মদনা জয়ী

মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর জনকল্যাণ ক্লাবের উদ্যোগে আশরাফপুর মাঠে অনুষ্ঠিত মরহুম ছহিউদ্দিন স্মৃতি ফুটবল টুর্নামেন্ট মদনা ডাঙ্গা পূর্ণিমা ক্লাব জয় লাভ করেছে।

গতকাল শুক্রবার অনুষ্ঠিত খেলায় মদনা ডাঙ্গা পূর্ণিমা ক্লাব ২-০ গোলে মমিনপুর ডায়মন্ড ক্লাবকে পরাজিত করে। বিজয় দলের শাকিল এবং আলামিন একটি করে গোল করেন।

এর আগে আমদাহ ইউনিয়নের চেয়ারম্যান আনোয়ারুল ইসলাম এবং আশরাফপুর মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক তাজউদ্দিন খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন।

নিজস্ব প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

-গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উ…

মেহেরপুরের গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস থেকে ২ কোটি ১৬ লাখ টাকা ব্যায়ে ৪ প্রকল্পের কাজের লটারির ড্র অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টার সময় উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে এ লটারি ড্র অনুষ্ঠিত হয়।
এসময় গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, এমপি প্রতিনিধি মনিরুজ্জামান আতু উপস্থিত ছিলেন।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তীর সঞ্চালনায় লটারিতে অংশগ্রহনকারি বিভিন্ন ঠিকাদার, স্থানীয় রাজনৈতিক ব্যাক্তি, সংবাদকর্মী উপস্থিত ছিলেন।
প্রকল্পগুলো হচ্ছে, চাঁদপুর দুলাল নগর চাকলির বিল রাস্তার এইচবিবি করণ, বরাদ্দ ৫৪ লাখ ৭১ হাজার টাকা।

গাড়াডোব ইসলামপুর বহিলাপাড়া খাল মুখি রাস্তা এইচবিবি করণ, বরাদ্দ ৫৪ লাখ ৯০ হাজার টাকা। গাড়াবাড়িয়া হলদিপাড়া থেকে মাঠমুখি রাস্তার এইচবিবি করণ, বরাদ্দ ৫৪ লাখ ৮৪ হাজার টাকা। এবং পিরতলা হাতিমারা রাস্তার এইচবিবি করণ কাজে ব্যায় ধরা হয়েছে ৫৪ লাখ ৭০ হাজার টাকা।

খুব শিঘ্রই এ সকল রাস্তার এইচবিবি করন কাজ শুরু হবে। উক্ত রাস্তাগুলি প্রস্ততকরা হলে স্ব-স্ব এলাকার মানুষ উপকৃত হবে।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুর ও চুয়াডাঙ্গায় বিএনপির জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালন

৭ই নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবসে মেহেরপুর জেলা বিএনপি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকালে পৌর কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন।

পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় সভায় বক্তব্য রাখেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, ইলিয়াছ হোসেন, হাফিজুর রহমান হাফি, এম এ কে খায়রুল বাশার, শেখ সাঈদ আহমেদ সহ জেলা অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

চুয়াডাঙ্গা প্রতিনিধি জানান, চুয়াডাঙ্গা জেলা বিএনপির আয়োজনে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত হয়েছে।
গতকাল বৃহস্পতিবার বেলা ১১টায় চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ চত্বরে আলোচনা সভার আয়োজন করে। চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহŸ◌ায়ক কমিটির সদস্য সিরাজুল ইসলাম মণির সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন একাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের বিএনপি প্রার্থী শরীফুজ্জামান শরীফ।